

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৮-০৭-২০২২

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৪-০৭-২০২২ থেকে ১৭-০৭-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

১৪ ই জুলাই:

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে অবদমিত ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

১৫ ই জুলাই:

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে অবদমিত ছিল। উক্ত সময়ে নিম্নলিখিত স্থানের উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল,

স্থান	সময়	সর্বোচ্চ গতিবেগ	দিক	স্থায়িত্ব
দমদম	১৩০৫	৩৪ কিমি/ঘন্টা	পূর্ব	১ মিনিট

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

১৬ ই জুলাই:

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে অবদমিত ছিল। উক্ত সময়ে নিম্নলিখিত স্থানের উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল,

স্থান	সময়	সর্বোচ্চ গতিবেগ	দিক	স্থায়িত্ব
আলিপুর	১৫২৪	৩৬ কিমি/ঘন্টা	দক্ষিণ -পূর্ব	১ মিনিট

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

দীঘা, মেদিনীপুর, মোহনপুর: ২ ; সেবক, মালদা, কংসাবতী বাঁধ, তিলপাড়া বাঁধ, কালাইকুণ্ডা, লালগড়: ১

১৭ ই জুলাই:

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে অবদমিত ছিল। উক্ত সময়ে নিম্নলিখিত স্থানের উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল,

স্থান	সময়	সর্বোচ্চ গতিবেগ	দিক	স্থায়িত্ব
আলিপুর	১৪৩৫	৩৫ কিমি/ঘন্টা	দক্ষিণ -পূর্ব	১ মিনিট

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল।

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৬ থেকে ৮২ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৮ থেকে ৯৩ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ১৫ই জুলাই বহরমপুরে ৩৭.৩ ডিগ্রি সেলসিয়াস ছিল।

শুষ্ক ও আর্দ্র বায়ুর সম্ভবতা (১৯.০৭.২২ থেকে ২২.০৭.২২ পর্যন্ত)

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৫৪	৪৬	হাওড়া	৫৪	৪৬
বীরভূম	৫৭	৪৩	মুর্শিদাবাদ	৬১	৩৯
বর্ধমান	৫২	৪৮	নদীয়া	৬৮	৩২
হুগলি	৫২	৪৮	২৪ পরগনা	৭০	৩০
পুরুলিয়া	৭৬	২৪			

পরবর্তী ৩ দিন (১৯-০৭-২০২২ থেকে ২১-০৭-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি জেলাগুলির অধিকাংশ জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি জেলাগুলির অধিকাংশ জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি জেলাগুলির অধিকাংশ জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

সতর্কীকরণ:

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাঙ, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলাগুলির দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (৭-২০ সেমি) ধরণের এবং দার্জিলিং ও কোচবিহার জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, কালিম্পাঙ, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (৭-২০ সেমি) ধরণের এবং দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, কালিম্পাঙ ও আলিপুরদুয়ার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

১৮-০৭-২০২২